

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৬৫

কমলপুর, ২৮ নভেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

দুর্গাচৌমুহনি রাজত্বিক বিকাশ মেলার উদ্বোধন

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ দু'দিনব্যাপী দুর্গাচৌমুহনি রাজত্বিক বিকাশ মেলার উদ্বোধন হয়েছে। রাকের পূর্ব লাস্তুচড়া উচ্চবুনিয়াদি বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই মেলার উদ্বোধন করেন দুর্গাচৌমুহনি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস। উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান তাপস পাল, বিএসির চেয়ারম্যান দেবপ্রসাদ দেববর্মা, কমলপুর মহকুমার মহকুমা শাসক এল দার্লং, দুর্গাচৌমুহনি রাকের বিডিও তুষার আলম, পূর্ব লাস্তুচড়া পঞ্চায়েতের প্রধান রবিকন্যা দেববর্মা প্রমুখ। রাকের পূর্ব লাস্তুচড়া পঞ্চায়েত, শ্রীরামপুর ভিলেজ, শ্যামরাইচড়া ভিলেজ, পশ্চিম লাস্তুচড়া ভিলেজকে নিয়ে এই বিকাশ মেলার আয়োজন করা হয়েছে। বিকাশ মেলায় মহকুমা প্রশাসন, রাজ প্রশাসন ও বিভিন্ন দপ্তর থেকে ১৪টি প্রদর্শনী স্টল খোলা হয়েছে। এই সমস্ত স্টল থেকে বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ সংশ্লিষ্ট ভিলেজ ও গ্রাম পঞ্চায়েতের জনগণের কাছে পৌছে দেওয়া হবে। তাছাড়াও স্বাস্থ্য দপ্তর থেকে স্বাস্থ্য শিবিরও খোলা হয়েছে। শিবিরে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবা সম্পর্কে জনগণকে সচেতনও করা হবে।

\*\*\*\*\*